# ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের বোর্ডসভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| তারিখ | ঃ | ০৮ ডিসেম্বর, ২০০৩ |
| স্থান | ঃ | সভাকক্ষ, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড |
| সভাপতি | ঃ | কর্ণেল সালাহ্উদ্দীন আহমেদ<br>প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড<br>ও<br>স্টেশন কমান্ডার, ঢাকা সেনানিবাস। |

## সভায় উপস্থিত সদস্যবৃন্দ

(১) ক্যাপ্টেন এম ওমর ফারুক (জি), পিএসসি, বিএন -- সদস্য
অধিনায়ক
বিএনএস হাজী মহসিন, ঢাকা সেনানিবাস।

(২) লেঃ কর্ণেল এ কে এম সাইফুর রশিদ -- সদস্য
প্রতিনিধি
কমান্ড্যান্ট, এস ই এম ও
সম্মিলিত সামরিক হাসপাতাল
ঢাকা সেনানিবাস।

(৩) লেঃ কর্ণেল মোঃ আব্দুস সালাম -- সদস্য
সিএমইএস (আর্মি)
ঢাকা সেনানিবাস।

(৪) উইং কমান্ডার এম আল-আমীন তালুকদার -- সদস্য
প্রতিনিধি
অধিনায়ক (প্রশাসনিক শাখা)
বিমানবাহিনী ঘাঁটি বাশার, ঢাকা সেনানিবাস।

উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে এবং সভার কার্যক্রমে সম্মানিত সদস্যবৃন্দের সহযোগিতা কামনা করে সভাপতি সভার কাজ আরম্ভ করেন। সভার আলোচ্যসূচীর উপর বিস্তারিত আলোচনান্তে নিম্নেবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়ঃ-

প্রস্তাব নং-১ ঃ গত ২৯ অক্টোবর, ২০০৩ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার কার্যবিবরণী পর্যালোচনা ও দৃঢ়করণ।

গৃহীত সিদ্ধান্ত ঃ গত ২৯ অক্টোবর, ২০০৩ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার কার্যবিবরণী পর্যালোচনা ও দৃঢ়করণ করা হলো।

প্রস্তাব নং-২ ঃ অক্টোবর, ২০০৩ মাসের আয়-ব্যয়ের হিসাব বিবরণী অবলোকন।

গৃহীত সিদ্ধান্ত ঃ অক্টোবর, ২০০৩ মাসের আয়-ব্যয়ের হিসাব বিবরণী অবলোকন করা হলো।

প্রস্তাব নং-৩ ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের অক্টোবর, ২০০৩ মাসের স্বাস্থ্য প্রতিবেদন অবলোকন।

গৃহীত সিদ্ধান্ত ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের অক্টোবর, ২০০৩ মাসের স্বাস্থ্য প্রতিবেদন অবলোকন করা হলো।

প্রস্তাব নং-৪ ঃ ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতালের অপারেশন থিয়েটারের যন্ত্রপাতি ক্রয়ের নিমিত্তে সর্বনিম্ন দরপত্র অনুমোদন প্রসংগে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। উল্লেখ্য যে, ১৯ অক্টোবর, ২০০৩ তারিখে যন্ত্রপাতি ক্রয়ের দরপত্র আহ্বান করা হলে উক্ত তারিখে ০৩(তিন)টি দরপত্র পাওয়া যায়। প্রাপ্ত দরপত্রের মধ্যে সর্বনিম্ন দর ৮৮,৯০২/- টাকা অত্যধিক বিবেচিত হওয়ায় সকল দরপত্র বাতিল করে ১৫ নভেম্বর, ২০০৩ তারিখে পুনঃদরপত্র আহ্বান করা হয়। উক্ত তারিখে সর্বমোট ০৩(তিন)টি দরপত্র পাওয়া যায়। প্রাপ্ত দরপত্রসমূহের মধ্যে এ বি হোসেন সার্জিক্যাল, ২০৭/১, মিটফোর্ড রোড, ঢাকা কর্তৃক প্রদত্ত ৪৯,৯৬০/- টাকার দর সর্বনিম্ন হয়। উক্ত সর্বনিম্ন দর গ্রহণ করার নিমিত্তে সংশ্লিষ্ট নথিটি সভায় উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ সর্বনিম্ন দর অনুমোদন করা হলো। পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক।

প্রস্তাব নং-৫ ঃ মহাখালী ডিওএইচএস জামে মসজিদের সামনে খোলা অংশে ও ছাদের উপর সামিয়ানা টাঙানোর ব্যয় বাবদ ১৬,০০০/- (ষোল হাজার) টাকা পরিশোধের ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। এ ব্যাপারে মহাখালী ডিওএইচএস এসোসিয়েশন এর ১৫ নভেম্বর, ২০০৩ তারিখের ৭৬০/ডিওএইচএস(০) নং পত্রখানা সভায় পেশ করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে প্রস্তাবিত ব্যয় ক্যান্টনমেন্ট বোর্ড তহবিল থেকে পরিশোধ করার নীতিগতভাবে অনুমোদন করা হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য প্রস্তাবনাটি সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হোক।

প্রস্তাব নং-৬ ঃ ঢাকা সেনানিবাসস্থ ক্যান্টনমেন্ট বাজার এলাকার পরিত্যক্ত বাড়ী নং-১৬/ডি সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের পত্রের মাধ্যমে সেনাসদর, এজি শাখা, ঢাকা সেনানিবাসকে বরাদ্দ প্রদান করা হয় এবং তদনুযায়ী উক্ত বাড়ীতে সামরিক কর্মকর্তা বসবাস করে আসছেন। সম্প্রতি বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইন্যান্স করপোরেশন বাড়ীটি নিলামে বিক্রি হবে মর্মে পত্র দিয়েছে। উক্ত পত্র পাওয়ার পর সেনাসদর, এজি শাখা, ঢাকা সেনানিবাসকে কার্যক্রম গ্রহণের জন্য অবহিত করা হয়। তৎপ্রেক্ষিতে সেনাসদর, কিউএমজি শাখা, এমএন্ডকিউ পরিদপ্তর, ঢাকা সেনানিবাসের ২২ অক্টোবর, ২০০৩ তারিখের ৩৯০১/৫/এ-৫২/ইউ/এমকিউ-২ নং পত্রে বর্ণিত বাড়ীটি ইতোমধ্যে নিলামে বিক্রি সম্পন্ন হয়েছে অথবা না হয়ে থাকলে অতি সত্বর সরকারী এই মূল্যবান সম্পদটি রক্ষা করার জন্য সংশ্লিষ্ট আদালতের রায়ের বিরুদ্ধে জরুরী ভিত্তিতে আপীল/রিভিশন মামলা দায়ের করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হয়। এ ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে ঢাকা ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থিত পরিত্যক্ত প্লট/বাড়ী নাম্বার ১৬/ডি এর ডি-১১০২ মামলা নং-মিস-৬০৮/৯৭ এর ব্যাপারে সংশ্লিষ্ট আদালতে রায়ের বিরুদ্ধে আপীল/রিভিশন মামলা দায়েরের ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হলো। এছাড়া সংশ্লিষ্ট বাড়ীটি দায়েরকৃত মামলা হতে দায় মুক্তসহ বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইন্যান্স করপোরেশনের দায় হতে কিভাবে দায় মুক্ত করা যায় সে লক্ষ্যে জরুরী ভিত্তিতে পদক্ষেপ গ্রহণের জন্য ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের বিজ্ঞ আইন উপদেষ্টাকে বলা হোক।

চলমান পাতা-৩

প্রস্তাব নং-৭ ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থ ২৭ নং প্লট ও প্লটে নির্মিত বাড়ীটি দলিল সম্পাদনপূর্বক হস্তান্তরের প্রেক্ষিতে ক্রেতা জনাব এম আনছার আলী, পিতা-আলহাজ্ব মোঃ মিয়াজন আলী সরকার এর নামে নামজারীর ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত । এব্যাপারে অত্র দপ্তরের ১৮ অক্টোবর, ২০০৩ তারিখের ঢাক্যাবো/ক্যাঃবাঃএঃ/২৭/১৫৮ নং পত্রের মাধ্যমে হস্তান্তরের অনুমতি প্রাপ্ত হয় । এতদ্ব্যাপারে গোয়েন্দা মহাপরিদপ্তরের ছাড়পত্র, অত্র দপ্তরের রাজস্ব শাখার সুপারিশ ও সংশ্লিষ্ট আবেদনকারীর নামে নামজারীর ব্যাপারে তাঁর ১২ নভেম্বর, ২০০৩ তারিখের আবেদনপত্রসহ নথিটি উপস্থাপন করা হলো। উক্ত প্লটে বরাদ্দের অতিরিক্ত জমি নেই মর্মে প্রকৌশল শাখার সুপারিশ আছে।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে ঢাকা সেনানিবাস বাজার এলাকাস্থিত ২৭ নং প্লট ও প্লটে নির্মিত বাড়ীটির রেজিষ্ট্রি দলিল সম্পাদন করায় বর্তমান ক্রেতা জনাব এম আনছার আলী, পিতা-আলহাজ্ব মোঃ মিয়াজন আলী সরকারের নামে নামজারী/রেকর্ড পরিবর্তনের সিদ্ধান্ত গৃহীত হলো।

প্রস্তাব নং-৮ ঃ ঢাকা সেনানিবাস বাজার এলাকাস্থিত ১/বি নম্বর প্লট ও প্লটে নির্মিত বাড়ীর মালিক জনাব হাছিবুল বাশার এর ০৯ জানুয়ারি ২০০১ তারিখের আবেদনের প্রেক্ষিতে উক্ত বাড়ীর ২/সি নম্বর ফ্ল্যাটটি জনাব মইন রহমান, পিতা-মরহুম খলিলুর রহমান এর নিকট বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদানের ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত । এতদ্ব্যাপারে গোয়েন্দা মহাপরিদপ্তরের ২২ এপ্রিল, ২০০১ তারিখের ১৩০০/৩০/১০/নিরাপত্তা/২ নং পত্রের মাধ্যমে প্রদত্ত অনাপত্তি ছাড়পত্র এবং অত্র দপ্তরের রাজস্ব ও প্রকৌশল শাখার সুপারিশসহ নথিটি উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে ঢাকা সেনানিবাস বাজার এলাকাস্থিত ১/বি নম্বর প্লট ও প্লটে নির্মিত বাড়ীর ২/সি নম্বর ফ্ল্যাটটি জনাব মইন রহমান, পিতা-মরহুম খলিলুর রহমান এর অনুকূলে বিক্রয়/ হস্তান্তরের বিষয়টি অনুমোদন করা হলো।

প্রস্তাব নং-৯ ঃ ঢাকা সেনানিবাস বাজার এলাকাস্থিত ১/বি নম্বর প্লট ও প্লটে নির্মিত বাড়ীর মালিক জনাব হাছিবুল বাশার এর ০৯ জানুয়ারি ২০০১ তারিখের আবেদনের প্রেক্ষিতে উক্ত বাড়ীর ৩/সি নম্বর ফ্ল্যাটটি বেগম লুৎফুন নাহার, স্বামী-মেজর এস এম মহিদুল ইসলাম এর নিকট বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদানের ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত । এতদ্ব্যাপারে গোয়েন্দা মহাপরিদপ্তরের ২২ এপ্রিল, ২০০১ তারিখের ১৩০০/৩০/১০/নিরাপত্তা নং পত্রের মাধ্যমে প্রদত্ত অনাপত্তি ছাড়পত্র এবং অত্র দপ্তরের রাজস্ব ও প্রকৌশল শাখার সুপারিশসহ নথিটি উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে ঢাকা সেনানিবাস বাজার এলাকাস্থিত ১/বি নম্বর প্লট ও প্লটে নির্মিত বাড়ীর ৩/সি নম্বর ফ্ল্যাটটি বেগম লুৎফুন নাহার, স্বামী-মেজর (অবঃ) এস এম মহিদুল ইসলাম এর বিক্রয় / হস্তান্তরের বিষয়টি অনুমোদন করা হলো।

প্রস্তাব নং-১০ ঃ ঢাকা সেনানিবাস বাজার এলাকাস্থিত ১/বি নম্বর প্লট ও প্লটে নির্মিত বাড়ীর মালিক জনাব হাছিবুল বাশার এর ০৮ জানুয়ারি ২০০১ তারিখের আবেদনের প্রেক্ষিতে উক্ত বাড়ীর ২/বি নম্বর ফ্ল্যাটটি ডাঃ লেঃ কর্ণেল (অবঃ)খায়রুল আলম, পিতা-মরহুম আলহাজ্ব মোঃ সরওয়ার আলী এর নিকট বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদানের ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত। এতদ্ব্যাপারে গোয়েন্দা মহাপরিদপ্তরের ২২ এপ্রিল, ২০০১ তারিখের ১৩০০/৩০/১০/ নিরাপত্তা/১ নং পত্রের মাধ্যমে প্রদত্ত অনাপত্তি ছাড়পত্র এবং অত্র দপ্তরের রাজস্ব ও প্রকৌশল শাখার সুপারিশসহ নথিটি উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে ঢাকা সেনানিবাস বাজার এলাকাস্থিত ১/বি নম্বর প্লট ও প্লটে নির্মিত বাড়ীর ২/বি নম্বর ফ্ল্যাটটি ডাঃ লেঃ কর্ণেল (অবঃ)খায়রুল আলম, পিতা-মরহুম আলহাজ্ব মোঃ সরওয়ার আলী এর অনুকূলে বিক্রয় / হস্তান্তরের বিষয়টি অনুমোদন করা হলো।

প্রস্তাব নং-১১ ঃ ঢাকা সেনানিবাস বাজার এলাকাস্থিত ১/বি নম্বর প্লট ও প্লটে নির্মিত বাড়ীর মালিক জনাব হাছিবুল বাশার এর ০৮ জানুয়ারি ২০০১ তারিখের আবেদনের প্রেক্ষিতে উক্ত বাড়ীর ৩/এ নম্বর ফ্ল্যাটটি মেজর এস এম মহিদুল ইসলাম(অবঃ), পিতা-মরহুম মোঃ লাল মিয়া শরীফ এর নিকট বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদানের ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত। এতদ্ব্যাপারে গোয়েন্দা মহাপরিদপ্তরের ২৩ এপ্রিল, ২০০১ তারিখের ১৩০০/৩০/১০/ নিরাপত্তা নং পত্রের মাধ্যমে প্রদত্ত অনাপত্তি ছাড়পত্র এবং অত্র দপ্তরের রাজস্ব ও প্রকৌশল শাখার সুপারিশসহ নথিটি উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে ঢাকা সেনানিবাস বাজার এলাকাস্থিত ১/বি নম্বর প্লট ও প্লটে নির্মিত বাড়ীর ৩/এ নম্বর ফ্ল্যাটটি মেজর এস এম মহিদুল ইসলাম(অবঃ), পিতা-মরহুম মোঃ লাল মিয়া শরীফ এর অনুকূলে বিক্রয় / হস্তান্তরের বিষয়টি অনুমোদন করা হলো।

প্রস্তাব নং-১২ ঃ ঢাকা সেনানিবাস বাজার এলাকাস্থিত ১/বি নম্বর প্লট ও প্লটে নির্মিত বাড়ীর মালিক জনাব হাছিবুল বাশার এর ০৮ জানুয়ারি ২০০১ তারিখের আবেদনের প্রেক্ষিতে উক্ত বাড়ীর ২/এ নম্বর ফ্ল্যাটটি ব্রিগেডিয়ার জেনারেল মোঃ আনোয়ার ফরিদ, পিতা-মরহুম হাতেম আলী এর নিকট বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদানের ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত। এতদ্ব্যাপারে গোয়েন্দা মহাপরিদপ্তরের ০৮ জানুয়ারি, ২০০৩ তারিখের ১৩০০/৩০/১০/নিরাপত্তা নং পত্রের মাধ্যমে প্রদত্ত অনাপত্তি ছাড়পত্র এবং অত্র দপ্তরের রাজস্ব ও প্রকৌশল শাখার সুপারিশসহ নথিটি উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে ঢাকা সেনানিবাস বাজার এলাকাস্থিত ১/বি নম্বর প্লট ও প্লটে নির্মিত বাড়ীর ২/এ নম্বর ফ্ল্যাটটি ব্রিগেডিয়ার জেনারেল মোঃ আনোয়ার ফরিদ, পিতা-মরহুম জনাব হাতেম আলী এর অনুকূলে বিক্রয় / হস্তান্তরের বিষয়টি অনুমোদন করা হলো।

প্রস্তাব নং-১৩ ঃ বনানী ডিওএইচএস এলাকাস্থ কমিউনিটি সেন্টারের নীচতলা মেরামত ও সংস্কার প্রসংগে আলোচনা ও সিদ্ধান্ত। এ প্রসংগে ডিওএইচএস বনানী এসোসিয়েশনের ১৮ অক্টোবর, ২০০৩ তারিখের পত্রটি সভায় উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ পত্রটি অবহিত হওয়া গেল। বনানী ডিওএইচএস এলাকাস্থ কমিউনিটি সেন্টারের নীচতলার সম্মুখ অংশের শুধুমাত্র বারান্দা ও তৎসংলগ্ন অংশের মেরামত ও সংস্কার কাজের অনুমোদন দেয়া হলো।

প্রস্তাব নং-১৪ ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের মূল্যানুমান অনুমোদনকরণ ঃ-

| ক্রমিক নং | কাজের নাম | মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস ২০০২ইং মোতাবেক | মন্তব্য |
|---|---|---|---|
| (১) | শহীদ বাশার রোডসহ অন্যান্য রোড মেরামত/কার্পেটিং ও সীলকোটকরণ। | ১,৩৮,৮৯৭.০০ টাকা | রোড কাটিং এর জন্য জমাকৃত অর্থ হতে। |
| (২) | শহীদ সরণিস্থ শহীদ আনোয়ার গার্লস কলেজ হতে সিগন্যাল গেইট পর্যন্ত রাস্তা মেরামত/কার্পেটিং ও সীলকোটকরণ। | ৩,৪৯,৩৪৫.০০ টাকা | -ঐ- |
| (৩) | শহীদ সরণিস্থ বাতেন ফিলিং স্টেশনে হার্ডস্ট্যান্ড তৈরীকরণ ও স্টেশন অফিসার মেস 'সি' এর সামনে ফুটপাতসহ ড্রেন নির্মাণ। | ৯০,০৫৪.০০ টাকা | -ঐ- |

চলমান পাতা-৫

| ক্রমিক নং | কাজের নাম | মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস ২০০২ইং মোতাবেক | মন্তব্য |
|---|---|---|---|
| (৪) | ঢাকা সেনানিবাসস্থ মহাখালী ডিওএইচএস এলাকার টিএন্ডটি কর্তৃক ১ নং লেইন মেরামত ও সীলকোটকরণ। | ২৯,৯৮৫.০০ টাকা | রোড কাটিং এর জন্য জমাকৃত অর্থ হতে। |
| (৫) | ঢাকা সেনানিবাসস্থ মহাখালী ডিওএইচএস এলাকার সিকিউরিটি ব্যারাকের দোতলা নির্মাণকালে উত্তর পূর্ব কোণায় বল্লী দ্বারা প্যালাসাইডিংকরণ। | ৪২,৭৩৪.০০ টাকা | -ঐ- |
| (৬) | বনানী ডিওএইচএস এলাকার খেলার মাঠে ০৪টি ৫০ ফুট উচ্চতার পোল সরবরাহ ও স্থাপনসহ মেটাল হেলাইড লাইট সরবরাহ ও স্থাপন (প্রয়োজনীয় তার ও ফিটিংসসহ)। | ১,১৩,৫০৬.০০ টাকা | -ঐ- |
| (৭) | শহীদ সরণি ও শহীদ বাশার রোডের সংযোগস্থলের ৬৫ নং বিল্ডিং এর দক্ষিণ পার্শ্বস্থ প্লট উন্নয়ন ও পাইপ ড্রেন নির্মাণকরণ। | ৪৯,২৪৪.০০ টাকা | -ঐ- |

গৃহীত সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে মূল্যানুমানসমূহ অনুমোদন করা হলো। দরপত্র আহ্বানপূর্বক চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

প্রস্তাব নং-১৫ ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নোক্ত কাজের সর্বনিম্ন দর অনুমোদন করণ ঃ-

| ক্রমিক নং | কাজের বিবরণ | মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস, ২০০২ মোতাবেক | সর্বনিম্ন দর প্রদানকারী ফার্মের নাম | সর্বনিম্ন উদ্ধৃত দর | সিএমইএস (আর্মি) কর্তৃক ভেটিংকৃত দর | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| (১) | শহীদ সরণি ও স্বাধীনতা সরণিতে তিতাস গ্যাস টিএন্ডডি কোং লিঃ কর্তৃক কর্তনকৃত রাস্তা জরুরী ভিত্তিতে মেরামত ও কার্পেটিংকরণ (রজনীগন্ধা সুপার মার্কেট হতে শহীদ আনোয়ার গার্লস কলেজের ক্রসিং পর্যন্ত এবং ক্রসিং হয়ে সেনাভবন পর্যন্ত) | ৯,৯০,০৫২/- টাকা | মেসার্স মুক্তি প্রকৌশলী সংস্থা | ০৫.০০% উর্ধ্বে | ০৪.৭৫% উর্ধ্বে | রোড কাটিং এর জন্য জমাকৃত অর্থ হতে। |
| (২) | কচুক্ষেত পুরান বাজার এলাকায় সেনাপল্লী উচ্চ বিদ্যালয়ের উত্তর-পূর্ব কর্ণার হতে তামান্না কমপ্লেক্স পর্যন্ত তিতাস গ্যাস টিএন্ডডি কোং লিঃ কর্তৃক খননকৃত রাস্তা মেরামত। | ৫,৯৯,৫৬৯/- টাকা | মেসার্স আমিন ব্রাদার্স | ০৫.০০% উর্ধ্বে | ০৪.৭৫% উর্ধ্বে | রোড কাটিং এর জন্য জমাকৃত অর্থ হতে। |
| (৩) | ক্যান্টনমেন্ট বোর্ড স্টাফ কোয়ার্টার নং-৪৮/এ এর নীচতলার উত্তর পার্শ্বের বাসস্থান মেরামত ও রংকরণ। | ২৯,৩০৭/- টাকা | মেসার্স ইউনুস এন্ড ব্রাদার্স | ০৪.৫০% উর্ধ্বে | সিডিউল সমহার | রক্ষাণাবেক্ষণ খাত হতে। |
| (৪) | ঢাকা সেনানিবাসস্থ ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৬৮/এ নং প্লটে ৫ম তলা ভবন নির্মাণের নিমিত্তে টপ সুপারভিশনসহ আর্কিটেকচারাল, স্ট্রাকচারাল, ইলেক্ট্রিক্যাল, স্যানিটারী, পানি ইত্যাদির নকশা প্রস্তুত ও সরবরাহকরণ। | ইমারতের মূল্যানুমান ০৪(চার) তলা পর্যন্ত ১,০৮,৭৫,৫৬৫/- টাকা | আর্কিটেক্ট মোঃ মনোয়ার হাবিব | ১.৬০% | ১.৫০% উর্ধ্বে | ২০০৩-২০০৪ আর্থিক সালের বাজেট বরাদ্দ হতে। |

চলমান পাতা-৬

| ক্রমিক নং | কাজের বিবরণ | মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস, ২০০২ মোতাবেক | সর্বনিম্ন দর প্রদানকারী ফার্মের নাম | সর্বনিম্ন উদ্ধৃত দর | সিএমইএস (আর্মি) কর্তৃক ভেটিংকৃত দর | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| (৫) | ঢাকা সেনানিবাসস্থ ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৬৮/এ নং প্লটে ৫ম তলা ভবন নির্মাণের নিমিত্তে মাটির গুণাগুণ পরীক্ষাকরণ। | সয়েল টেস্ট ০৪ পয়েন্ট | ইউনিক কনসালটিং সার্ভিসেস | প্রতি বোর ৪,০০০/- টাকা হিসেবে ১৬,০০০/- টাকা | প্রতি বোর ৪,০০০/- টাকা হিসেবে ১৬,০০০/- টাকা | ২০০৩-২০০৪ আর্থিক সালের বাজেট বরাদ্দ হতে। |
| (৬) | ঢাকা সেনানিবাসস্থ শহীদ সরণি এবং শহীদ বাশার রোড এ্যাসফাল্ট প্ল্যান্ট এর সাহায্যে মেরামত ও কার্পেটিংকরণ। | ৪,২৯,৭১,৭০২/- টাকা | মেসার্স রেজা কনস্ট্রাকশন লিঃ | মূল্যানুমান সমহার | মূল্যানুমান সমহার | বাংলাদেশ সেনাবাহিনীর সহযোগিতা এবং ২০০৩-২০০৪ আর্থিক সালের বাজেট বরাদ্দ ও স্থানীয় আয়ের উৎস হতে। |

গৃহীত সিদ্ধান্ত ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের উপরোল্লিখিত কাজের সর্বনিম্ন দরের উপর সভায় বিস্তারিত আলোচনা হয়। বোর্ডের কারিগরী সদস্য সিএমইএস (আর্মি) সভাকে অবহিত করেন যে, বর্তমানে চলমান এমইএস এর অনুরূপ কাজের সাথে সামঞ্জস্য রেখে ক্রমিক নং ১, ২, ৩, ৪ ও ৫ = ০৫(পাঁচ)টি কাজের সর্বনিম্ন দর ভেটিংপূর্বক নির্ধারণ করা হয়েছে। তন্মধ্যে ক্রমিক নং-১, ২ ও ৩ = মোট ০৩ (তিন)টি কাজের ভেটিংকৃত দর নিম্নলিখিতভাবে অনুমোদন করা হলো। ক্রমিক নং-৪ এ বর্ণিত কাজ কাজের জন্য মূল্যানুমানের ০১.৫০% ভেটিংকৃত দর এবং ক্রমিক নং-৫ এ বর্ণিত কাজের জন্য ঠিকাদার প্রদত্ত দর ঘটনোত্তর অনুমোদন করা হলো। কাজগুলো জরুরী বিধায় অনুমোদিত দরে সংশ্লিষ্ট ঠিকাদারগণ কাজ করতে সম্মত থাকলে তাদের নিকট হতে সম্মতিপত্র গ্রহণ করতঃ কার্যাদেশ প্রদানপূর্বক ব্যয়ের অনুমোদনের নিমিত্তে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোকঃ-

(১) ০৪.৭৫% উর্ধ্ব দর অনুমোদিত।

(২) ০৪.৭৫% উর্ধ্ব দর অনুমোদিত।

(৩) সিডিউল সমদর অনুমোদিত।

এতদ্ব্যতীত, ক্রমিক নং-৬ এর কাজটির গুরুত্ব ও বাস্তবায়নের জন্য অত্যাধুনিক প্রযুক্তি ও যন্ত্রপাতি ব্যবহার করা হবে বিধায় প্রকল্পের সুষ্ঠু বাস্তবায়নের জন্য বাংলাদেশ সেনাবাহিনীর ই-ইন-সি মহোদয়ের সার্বিক তত্ত্বাবধানে এবং ক্যান্টনমেন্ট বোর্ডের ব্যবস্থাপনায় প্রকল্পের কাজ সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হলো। সেনাসদর, ই-ইন-সি শাখা, পূর্ত পরিদপ্তরের স্টাফ অফিসার-২ মেজর মোঃ শামীম আহসান এবং ক্যান্টনমেন্ট বোর্ডের ক্যান্টনমেন্ট ইঞ্জিনিয়ার জনাব মোঃ আলম খানকে উক্ত কাজের তদারকির জন্য দায়িত্ব প্রদান করা হলো। আরো উল্লেখ্য যে, প্রকল্পের মোট ব্যয়ের মধ্যে ১,০০,০০,০০০/- (এক কোটি) টাকা সেনা কর্তৃপক্ষের ফান্ড হতে আর্থিক সহায়তায় সম্পন্ন করা হবে এবং উক্ত কাজের জন্য মূল্যানমুান সমদর অনুমোদন করা হলো। কাজগুলো জরুরী বিধায় কার্যাদেশ প্রদানপূর্বক ব্যয়ের অনুমোদনের নিমিত্তে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

চলমান পাতা-৭

প্রস্তাব নং-১৬ ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নোক্ত ০৫(পাঁচ)টি কাজের জামানতের টাকা ফেরত দেয়ার ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। জামানত ফেরতযোগ্য কাজের তালিকা উপস্থাপন করা হলো ঃ-

গৃহীত সিদ্ধান্ত ঃ জামানত ফেরতযোগ্য কাজের তালিকার উপর সভায় আলোচনা হয়। সংশ্লিষ্ট প্রকল্প/মেরামত কাজের গুণগত মান যাচাই-বাছাই করে নিম্নেবর্ণিত ০৫(পাঁচ) টি কাজের জামানত ফেরৎ প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো ঃ-

| ক্রমিক নং | কাজের বিবরণ | ঠিকাদারী ফার্মের নাম |
|---|---|---|
| ১। | ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থ ৩ নং রোডের ক্যান্টনমেন্ট বোর্ড স্টাফ কোয়ার্টার নং-৬/এ বাসস্থানের নিরাপত্তা দেয়াল ও গেইট নির্মাণ। | মেসার্স আমিন ব্রাদার্স |
| ২। | ঢাকা সেনানিবাসস্থ শহীদ সরণির মান্নান লাইনের নিকটবর্তী এমইএস স্টোরের বিপরীত দিকে রাস্তা পূর্ব পার্শ্বে এবং গ্যারিসন সিনেমা হলের দক্ষিণ পার্শ্বে গলফ ক্লাব দেয়াল সংলগ্ন দুটি যাত্রী ছাউনী নির্মাণ এবং যাত্রী ছাউনীর সম্মুখে রাস্তাদ্বয় নির্মাণ। | মেসার্স এম এ ওয়াহেদ |
| ৩। | বনানী ডিওএইচএস এলাকার ৬/সি নং রোডের উত্তর পার্শ্বের রাস্তা মেরামত ও কার্পেটিংকরণ। | দি মুন এন্টারপ্রাইজ |
| ৪। | ঢাকা সেনানিবাসস্থ বনানী ডিওএইচএস এলাকার ১০০/বি নং প্লটের সামনে আরসিসি পাইপ ড্রেনসহ রাস্তা নির্মাণ। | মেসার্স ইমেল এন্টারপ্রাইজ। |
| ৫। | বারিধারা ডিওএইচএস এলাকার ওয়েস্টার্ন রোডের একপার্শ্বে ফুটপাত নির্মাণকরণ। | মেসার্স গাজী এন্ড ব্রাদার্স। |

প্রস্তাব নং-১৭ ঃ বারিধারা ডিওএইচএস এলাকায় ১৩ নং রোড সংলগ্ন দেয়াল ও গেইট নির্মাণ প্রসংগে আলোচনা ও সিদ্ধান্ত। এ প্রসংগে বারিধারা ডিওএইচএস এসোসিয়েশনের ১৯ সেপ্টেম্বর, ২০০৩ তারিখের ০০৫ নং পত্রটি সভায় উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ পত্রটি অবহিত হওয়া গেল। সংশ্লিষ্ট বিষয়ে ডিওএইচএস বারিধার এসোসিয়েশনের সভাপতির সাথে সমন্বয়পূর্বক মূল্যানুমান প্রস্তুত করে পরবর্তী বোর্ডসভায় উপস্থাপন করা হোক।

প্রস্তাব নং-১৮ ঃ ১৩ এম পি ইউনিট, ঢাকা সেনানিবাসের চাহিদা মোতাবেক স্টেশন সদর দপ্তরের ২০ নভেম্বর ২০০৩ তারিখের ৭০২/২/কিউ-৩ নং পত্রের প্রেক্ষিতে সংশ্লিষ্ট রাস্তাগুলি মেরামতের জন্য ১,২৪,৬১৮/-(এক লক্ষ চব্বিশ হাজার ছয়শত আঠার) টাকার মূল্যানুমান অনুমোদনকরণ। এ প্রসংগে স্টেশন সদর দপ্তরের ২০ নভেম্বর ২০০৩ তারিখের ৭০২/২/কিউ-৩ নং পত্রটি সভায় উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ পত্রটি অবহিত হওয়া গেল। রাস্তাগুলো মেরামতের জন্য ১,২৪,৬১৮/-(এক লক্ষ চব্বিশ হাজার ছয়শত আঠার) টাকার মূল্যানুমান অনুমোদন করা হলো। কাজগুলো জরুরী বিধায় দরপত্র আহ্বানপূর্বক চূড়ান্ত অনুমোদনের জন্য প্রস্তাবটি সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

প্রস্তাব নং-১৯ ঃ সেনানিবাসের প্রধান সড়কে বিভিন্ন গুরুত্বপূর্ণ পয়েন্টে শোভা বর্ধনের জন্য ফুলের টব হিসেবে সাদা মোজাইক দ্বারা তৈরী ৩৫(পয়ত্রিশ)টি চারী প্রতিটি ৪,০০০/- (চার হাজার) টাকা হিসেবে ১,৪০,০০০/- (এক লক্ষ চল্লিশ হাজার) টাকার সর্বনিম্ন দর অনুমোদনের ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে রোড কাটিং এর জন্য জমাকৃত অর্থ হতে ব্যয় সংকুলান সাপেক্ষে ১,৪০,০০০/- (এক লক্ষ চল্লিশ হাজার) টাকার সর্বনিম্ন দর অনুমোদন করা হলো। পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক।

চলমান পাতা-৮

২০ বিবিধ (১) ঃ পাম্প অপারেটরের শূন্য পদে ১১ ডিসেম্বর, ২০০৩ তারিখ হতে পরবর্তী ০৩(তিন) মাসের জন্য বর্তমানে মাস্টার রোলে কর্মরত অভিজ্ঞ শ্রমিককে নিয়োজিত রাখার ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে বর্তমানে মাস্টার রোলে কর্মরত অভিজ্ঞ শ্রমিককে দৈনিক ৮০/- (আশি) টাকা মজুরীর ভিত্তিতে ১১ ডিসেম্বর, ২০০৩ তারিখ হতে পরবর্তী ০৩(তিন) মাসের জন্য সম্পূর্ণ অস্থায়ীভাবে নিয়োজিত রাখার সিদ্ধান্ত গৃহীত হলো।

২০ বিবিধ (২) ঃ ঢাকা সেনানিবাসস্থ সেনাসদর হতে পোস্ট অফিস পর্যন্ত রাস্তার পূর্ব পার্শ্বে ফুলের বেড তৈরীর জন্য ৩৫(পয়ত্রিশ) ট্রাক ভিটি মাটি সরবরাহের নিমিত্তে দরপত্র আহ্বান করা হলে ২৯ নভেম্বর, ২০০৩ তারিখে ০৪(চার)টি দরপত্র পাওয়া যায়। তন্মধ্যে মেসার্স জি এম ট্রেডার্স কর্তৃক প্রতি ট্রাক ভিটি মাটি ১,৪০০/- (এক হাজার চারশত) টাকা হিসেবে ৩৫ ট্রাকের জন্য ৪৯,০০০/- (উনপঞ্চাশ হাজার) টাকার দর সর্বনিম্ন হয়। উক্ত সর্বনিম্ন দর অনুমোদনের নিমিত্তে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে আর্মি কঞ্জারভেন্সী খাত হতে ব্যয় নির্বাহ সাপেক্ষে অনুমোদন করা হলো। পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক।

২০ বিবিধ (৩) ঃ ঢাকা সেনানিবাস এলাকায় নিয়মিতভাবে গাছের ডালা কাটার নিমিত্তে ০১টি ব্যাটারী চালিত হেজ কাটার মেশিন ক্রয়ের জন্য দরপত্র আহ্বান করা হলে ২০ নভেম্বর, ২০০৩ তারিখে ০৪(চার)টি দরপত্র পাওয়া যায়। তন্মধ্যে মেসার্স চুন্নু এন্টারপ্রাইজ-(৩) কর্তৃক প্রদত্ত ১৫,০০০/- (পনের হাজার) টাকার দর সর্বনিম্ন হয়। উক্ত সর্বনিম্ন দর অনুমোদনের নিমিত্তে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ আলোচনান্তে আর্মি কঞ্জারভেন্সী খাত হতে ব্যয় নির্বাহ সাপেক্ষে অনুমোদন করা হলো। পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক।

২০ বিবিধ (৪) ঃ সেনাভবনের রাস্তার পার্শ্বে কর্তনকৃত ০৩(তিন)টি কাঁঠাল গাছ (ডালপালাসহ) বিক্রির নিমিত্তে ৩০ নভেম্বর, ২০০৩ তারিখে প্রকাশ্য নিলাম ডাক অনুষ্ঠিত হয়। উক্ত নিলাম ডাকে ১৯(উনিশ) জন ডাককারী অংশগ্রহণ করেন। তন্মধ্যে জনাব আব্দুল মালেক, ১৪৫, কচুক্ষেত পুরান বাজার, ঢাকা কর্তৃক প্রদত্ত ১০,০০০/- (দশ হাজার) টাকার ডাক সর্বোচ্চ হয়। উক্ত সর্বোচ্চ ডাক অনুমোদনের জন্য সংশ্লিষ্ট নথিটি সভায় পেশ করা হলো। উল্লেখ্য যে, বর্ণিত গাছগুলোর এমআরপি নির্ধারণ করা হয়েছিল ৫,৩৬২/- (পাঁচ হাজার তিনশত বাষট্টি) টাকা।

গৃহীত সিদ্ধান্ত ঃ পর্যালোচনান্তে অনুমোদন করা হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হোক।

২০ বিবিধ (৫) ঃ ঢাকা সেনানিবাসের সিগন্যাল গেইট হতে কুর্মিটোলা গার্ডরুম পর্যন্ত রাস্তার পটহোল মেরামতকরণের ২৮,১০০/- (আটাশ হাজার একশত) টাকার মূল্যানুমান অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ আলোচনান্তে ২৮,১০০/- (আটাশ হাজার একশত) টাকার মূল্যানুমান অনুমোদন করা হলো। কাজটি জরুরী বিধায় দরপত্র আহ্বানপূর্বক চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক। উক্ত কাজের ব্যয় রোড কাটিং এর জন্য জমাকৃত অর্থ হতে সংকুলান করা হোক।

চলমান পাতা-৯

২০ বিবিধ (৬) ঃ ২৪ সেপ্টেম্বর, ২০০৩ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার প্রস্তাব নং-১০ এর সিদ্ধান্তের অনুবৃত্তিক্রমে সশস্ত্র বাহিনী দিবস-২০০৩ উপলক্ষে ৪,৩৯,৫০০/- (চার লক্ষ উনচল্লিশ হাজার পাঁচশত) টাকার সোডিয়াম লাইট ও অন্যান্য আনুষাঙ্গিক ফিটিংস ক্রয়ের ঘটনোত্তর অনুমোদনকরণ।

গৃহীত সিদ্ধান্ত ঃ আলোচনান্তে ৪,৩৯,৫০০/- (চার লক্ষ উনচল্লিশ হাজার পাঁচশত) টাকা ব্যয়ের ঘটনোত্তর অনুমোদন দেয়া হলো। পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক।

২০ বিবিধ (৭) ঃ জনাব মোঃ মিজানুর রহমান, প্রোপ্রাইটর, আর এম ইন্টারন্যাশনাল, ৩৭ নং হায়দার বোকাশ লেন, লালবাগ, ঢাকা এর ১১ নভেম্বর, ২০০৩ তারিখের আবেদনের প্রেক্ষিতে ঢাকা সেনানিবাসের পুরাতন বিমান বন্দর রোডের পর্যটন কর্নার থেকে জাহাংগীর গেইটের আগ পর্যন্ত রাস্তার পশ্চিম পার্শ্বে এবং রাস্তার পূর্ব পার্শ্বে বিএএফ অফিসার্স ক্লাব থেকে প্রতিরক্ষা ক্রয় মহা অধিদপ্তর পর্যন্ত রাস্তার উভয় পার্শ্বে ফুটপাতে ৩০ ফুট অন্তর অন্তর ২০টি মেগাসাইন বোর্ড (৬ফুট × ৪ফুট সাইজের × ২০ টি) = ৪৮০ বর্গফুট, সাইনবোর্ড/বিলবোর্ড (১৫ ফুট×১০ ফুট সাইজের × ১টি) = ১৫০ বর্গফুট এবং ইউনিপোল (২৮ ফুট × ১০ ফুট সাইজের × ৩টি) = ৮৪০ বর্গফুট অর্থাৎ সর্বমোট ১৪৭০ বর্গফুট স্থাপনের ব্যাপারে সেনাসদরের নীতিমালা অনুযায়ী সামরিক ভূ-সম্পত্তি প্রশাসন দপ্তর, কেন্দ্রীয় সার্কেল, ঢাকা সেনানিবাসের মাধ্যমে সেনাসদর, কিউএমজি শাখা, এমএন্ডকিউ পরিদপ্তর, ঢাকা সেনানিবাসের ২০ মে, ২০০৩ তারিখের ৩৯১৭/৬/ঢাকা-২/এমকিউ-২ নম্বর পত্রের মাধ্যমে অনাপত্তি ছাড়পত্র পাওয়া যায়। তৎপ্রেক্ষিতে সামরিক ভূ-সম্পত্তি প্রশাসন দপ্তর, কেন্দ্রীয় সার্কেল, ঢাকা সেনানিবাস কর্তৃক সংশ্লিষ্ট সংস্থাকে ১৫ অক্টোবর, ২০০৩ তারিখে লাইসেন্স প্রদান করা হয়। ঢাকা সিটি কর্পোরেশনের বর্তমান প্রচলিত দর অনুযায়ী মেগাসাইন বোর্ডের জন্য প্রতি বর্গফুট ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা হারে (এর উপর ১৮% হারে ভ্যাট ও উৎসকর প্রদেয় ) এবং হোর্ডিংবোর্ড/ইউনিপোলের জন্য প্রতি বর্গফুট ১০০/-(একশত) টাকা হারে (এর উপর ১৮% হারে ভ্যাট ও উৎসকর প্রদেয় ) আর এম ইন্টারন্যাশনাল এর ক্ষেত্রেও উক্ত দর অনুমোদন করার বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। এব্যাপারে সংশ্লিষ্ট কাগজাদি উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর বিস্তারিত আলোচনা হয়। জনাব মোঃ মিজানুর রহমান, প্রোপ্রাইটর, আর এম ইন্টারন্যাশনাল, ৩৭ নং হায়দার বোকাশ লেন, লালবাগ, ঢাকা এর প্রস্তাবমতে বর্ণিত জায়গায় মেগাসাইনবোর্ড ৩০ ফুট অন্তর অন্তর (৬ফুট × ৪ফুট সাইজের) ২০ টি মোট ৪৮০ বর্গফুট, সাইনবোর্ড/বিলবোর্ড (১৫ ফুট × ১০ ফুট সাইজের) ১টি মোট ১৫০ বর্গফুট এবং ইউনিপোল (২৮ ফুট × ১০ ফুট সাইজের) ৩টি মোট ৮৪০ বর্গফুট অর্থাৎ সর্বমোট ১৪৭০ বর্গফুট ঢাকা সিটি কর্পোরেশনের বর্তমান প্রচলিত দর অনুযায়ী মেগাসাইন বোর্ডের জন্য প্রতি বর্গফুট ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা হারে (এর উপর ১৮% হারে ভ্যাট ও উৎসকরসহ) এবং হোর্ডিংবোর্ড/ইউনিপোলের জন্য প্রতি বর্গফুট ১০০/-(একশত) টাকা হারে (এর উপর ১৮% হারে ভ্যাট ও উৎসকরসহ) অনুমোদন করা হলো।

২০ বিবিধ (৮) ঃ বারিধারা ডিওএইচএস এলাকায় বাস্কেটবল গ্রাউন্ডের জন্য বিকল্প স্থান নির্ধারিত হওয়ায় ২৯ অক্টোবর, ২০০৩ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার প্রস্তাব নং-২৭বিবিধ(১) এর সিদ্ধান্তের অনুবৃত্তিক্রমে উক্ত কাজের জন্য প্রদত্ত ১৮% নিম্নে সর্বনিম্ন দর অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ ঠিকাদার কর্তৃক প্রদত্ত ১৮% নিম্নে সর্বনিম্ন দর অনুমোদন করা হলো। সংশ্লিষ্ট ঠিকাদারকে কার্যাদেশ প্রদানপূর্বক প্রকল্পের কাজ শুরু করা হোক। উক্ত কাজের ব্যয় বারিধারা ডিওএইচএস উন্নয়ন ফান্ড হতে সংকুলান করা হোক।

২০ বিবিধ (৯) ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থ ক্যান্টনমেন্ট বোর্ড স্টাফ কোয়ার্টার নং-৬৫/ডি এর সম্মুখে খালি প্লটে ছেলে-মেয়েদের খেলাধুলার সরঞ্জামাদি সরবরাহ ও স্থাপনের জন্য ৪৯,৯৮০/- (উনপঞ্চাশ হাজার নয়শত আশি) টাকার মূল্যানুমান অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ আলোচনান্তে ৪৯,৯৮০/- (উনপঞ্চাশ হাজার নয়শত আশি) টাকার মূল্যানুমান অনুমোদন করা হলো। দরপত্র আহ্বানপূর্বক চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক। উক্ত কাজের ব্যয় ২০০৩-২০০৪ সালের বাজেট বরাদ্দের উন্নয়ন মূলক খাত হতে সংকুলান করা হোক।

২০ বিবিধ (১০)ঃ মহাখালী ডিওএইচএস এলাকার ৩৫৪ নং প্লট বরাদ্দলাভকারী মিসেস রিজিয়া আক্তার নাসরিন, স্বামী- কর্ণেল এম এম জাহাঙ্গীর, পিএসসি (অবঃ) এর ১৩ জানুয়ারি, ২০০২ তারিখের আবেদনের প্রেক্ষিতে পার্শ্ববর্তী প্লট উন্নয়নের জন্য তাকে (মিসেস রিজিয়া আক্তার নাসরিন) ক্ষতিপূরণ প্রদানের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত। সংশ্লিষ্ট আবেদনপত্রটি সভায় উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ আবেদনপত্রের বিষয়বস্তু অবহিত হওয়া গেল এবং ক্ষতিপূরণ প্রদানের বিষয়টি সহানুভূতির সাথে আলোচনা হয়। পূর্বানুমতি না থাকায় বিবেচনা করা গেল না।

২০ বিবিধ (১১)ঃ ক্যান্টনমেন্ট বোর্ড, ঢাকা ক্যান্টনমেন্ট এর ২৮ অক্টোবর, ২০০৩ তারিখের অফিস আদেশ নং-৬১৪ মোতাবেক বিমান বাহিনী ঘাঁটি বাশার-এ কর্মরত ঝাড়ুদারদের মধ্য হতে ০৬(ছয়) জনকে বিভিন্ন ডিওএইচএস এলাকায় বদলী করার প্রেক্ষিতে উদ্ভুত জটিলতা প্রসংগে আলোচনা ও সিদ্ধান্ত। এ ব্যাপারে বিমান বাহিনী ঘাঁটি বাশার, প্রশাসনিক শাখা, ঢাকা সেনানিবাস এর ২২ নভেম্বর, ২০০৩ তারিখের বাশার/৪০৪৬/৩/বিডব্লিউ/খ-৩/৩০ক নং পত্র সভায় উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ পত্রটি অবহিত হওয়া গেল। এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে পত্রের বিষয়বস্তুর আলোকে ভবিষ্যতে যথাযথ কর্তৃপক্ষের সাথে আলোচনা সাপেক্ষে এবং সমানুপাতিক হারে লোক বন্টন করার বিষয়টি নিশ্চিত করার জন্য ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসারকে অনুরোধ করা হলো।

২০ বিবিধ (১২)ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড পরিচালনাধীন রজনীগন্ধা সুপার মার্কেটে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে একটি দোকানের খালি জায়গা বরাদ্দের জন্য জনাব মোঃ আবুল বাশার বাবুল, ৩২ কচুক্ষেত এলাকা, ঢাকা ক্যান্টনমেন্ট ২২ ফেব্রুয়ারি, ২০০৩ তারিখে একখানা আবেদন করেন। তার আবেদনের প্রেক্ষিতে একটি দোকানের জন্য সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে খালি জায়গা বরাদ্দের ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টি বিবেচনা করা হলো। ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড পরিচালানধীন রজনীগন্ধা সুপার মার্কেটের ডি-৮১/২ নং দোকানের পশ্চিম পার্শ্বে খালী জায়গায় উক্ত দোকান সংলগ্ন (দক্ষিণমুখী) ৯×২০=১৮০ বর্গফুট জায়গা বাৎসরিক প্রতিফুট ৩৬/- (ছয়ত্রিশ) টাকা হারে মোট ৬,৪৮০/- (ছয় হাজার চারশত আশি) টাকায় সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে জনাব মোঃ আবুল বাশার বাবুল, ৩২ কচুক্ষেত এলাকায়, ঢাকা সেনানিবাসকে এক বৎসরের জন্য ইজারা দেয়ার জন্য অনুমোদন করা হলো।

২০ বিবিধ (১৩)ঃ মিরপুর ডিওএইচএস এর প্রথম ধাপের ০৯(নয়)টি গ্রুপে ইঁটের সলিং দ্বারা রাস্তা নির্মানের জন্য ০৮(আট) জন ঠিকাদারকে কার্যাদেশ প্রদান করা হয়। অতঃপর ভরাটকৃত বালু/মাটি কমপ্যাক্ট না হওয়ায় সংশ্লিষ্ট রাস্তাসমূহের ব্রিক সলিং এর কাজ শুরু করা সমীচীন না হওয়ায় সকল কার্যাদেশ বাতিল করা হয়। তৎপ্রেক্ষিতে ০৮(আট) জন ঠিকাদারের মধ্যে মেসার্স ঢাকা কনস্ট্রাকশন, ১৩০৬, পূর্ব শেওড়া পাড়া, মিরপুর, ঢাকা-১২১৬ এবং মেসার্স ভূঁইয়া কনস্ট্রাকশন, এ/১৬৮, রজনীগন্ধা সুপার মার্কেট, ঢাকা সেনানিবাস মহামান্য হাইকোর্ট বিভাগে মামলা করায় পুনঃদরপত্র গ্রহণ স্থগিত করা হয়। কিন্তু ০৮(আট) জন ঠিকাদারের মধ্যে ০৬(ছয়) জন ঠিকাদার তাদের পূর্ব নির্ধারিত দরে কাজ শুরু করার আবেদন জানান। জরুরী ভিত্তিতে মিরপুর ডিওএইচএস এর সংশ্লিষ্ট কাজ শুরু করার বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

চলমান পাতা-১১

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর বিস্তারিত আলোচনা হয়। আলোচনা ও নথি দৃষ্টে জানা যায় যে, ০৮(আট) জন ঠিকাদারের মধ্যে মেসার্স ঢাকা কনস্ট্রাকশন ও মেসার্স ভূঁইয়া কনস্ট্রাকশন ছাড়া অবশিষ্ট ০৬(ছয়) জন ঠিকাদার ক্যান্টনমেন্ট বোর্ডের সিদ্ধান্তের প্রতি শ্রদ্ধাশীল হয়ে আবেদন করেছেন। এতদ্ব্যতীত এ ০৬(ছয়) জন ঠিকাদারের আচার-আচরণ সন্তোষজনক। এমতাবস্থায়, সংশ্লিষ্ট ০৬(ছয়) জন ঠিকাদারের আবেদনের প্রেক্ষিতে কাজগুলি জরুরী ভিত্তিতে সম্পন্নের জন্য তাদের পূর্ব নির্ধারিত দরে কাজ শুরু সিদ্ধান্ত গৃহীত হলো। ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার পরবর্তী কার্যক্রম গ্রহণ করবেন।

অন্য কোন আলোচ্যসূচী না থাকায় সকলকে ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

( মোঃ আব্দুল্লাহ আল মামুন )
ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার
ও
সেক্রেটারী
ক্যান্টনমেন্ট বোর্ড, ঢাকা ক্যান্টনমেন্ট।

(কর্ণেল সালাহ্উদ্দীন আহমেদ)
প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড
ও
স্টেশন কমান্ডার
ঢাকা সেনানিবাস।